



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৬.১৭(অংশ-১)-৬৯৬/১


তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭  
১৫ অক্টোবর ২০২০

**অফিস আদেশ**

সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ১২.১ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুসারে এ বিভাগের প্রশাসন-২ শাখা হতে প্রদেয় একটি সেবা নিম্নরূপভাবে সহজিকরণপূর্বক পাইলটিং বাস্তবায়নের জন্য নির্ধারণ করা হলো:

সেবার নাম	বিদ্যমান পদ্ধতি	সহজিকৃত পদ্ধতি
দাপ্তরিক টেলিফোন সংযোগ প্রদান	<p><b>ধাপসমূহ:</b></p> <ol style="list-style-type: none"><li>১. সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮ এ উল্লেখিত প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ছক-১ (সরকারি দাপ্তরিক টেলিফোন মঞ্জুরির প্রস্তাব ছক) পূরণপূর্বক সচিব মহোদয়ের দপ্তরে আবেদন দাখিল।</li><li>২. সচিব মহোদয়ের দপ্তর হতে আবেদন প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ।</li><li>৩. প্রশাসন ও অর্থ অনুবিভাগ হতে আবেদন প্রশাসন-২ শাখায় প্রেরণ।</li><li>৪. প্রশাসন-২ শাখা হতে নথিতে উপস্থাপন।</li><li>৫. প্রশাসন-২ শাখা হতে নথি প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ।</li><li>৬. প্রশাসন ও অর্থ অনুবিভাগ হতে নথি সচিব মহোদয়ের দপ্তরে প্রেরণ।</li><li>৭. সচিব মহোদয়ের দপ্তর হতে নথি প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ।</li><li>৮. প্রশাসন ও অর্থ অনুবিভাগ হতে নথি প্রশাসন-২ শাখায় প্রেরণ।</li><li>৯. দাপ্তরিক টেলিফোন সংযোগের মঞ্জুরির আদেশ জারি।</li></ol> <p><b>প্রয়োজনীয় কাগজপত্র:</b></p> <ol style="list-style-type: none"><li>১. পূরণকৃত ছক-১</li><li>২. সচিব মহোদয় বরাবর আবেদন</li><li>৩. যোগদান পত্রের পৃষ্ঠাঙ্কন</li></ol> <p><b>নিষ্পত্তির সময়:</b> ১৫ (পনের) কর্মদিবস</p>	<p><b>ধাপসমূহ:</b></p> <ol style="list-style-type: none"><li>১. সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮ এ উল্লেখিত প্রাধিকার প্রাপ্ত কোন কর্মকর্তার যোগদানপত্রের পৃষ্ঠাঙ্কন সম্পন্ন হলে প্রশাসন-২ শাখা কর্তৃক দাপ্তরিক টেলিফোন সংযোগ (শাখায় পদায়নের পর যদি সংযোগ বিদ্যমান না থাকে) প্রদান করার জন্য স্বয়ংক্রিয়ভাবে নথি উপস্থাপন।</li><li>২. নথি অনুমোদন।</li><li>৩. দাপ্তরিক টেলিফোন সংযোগের মঞ্জুরির আদেশ জারি।</li></ol> <p><b>প্রয়োজনীয় কাগজপত্র:</b> ১. যোগদান পত্রের পৃষ্ঠাঙ্কন</p> <p><b>নিষ্পত্তির সময়:</b> ৫ (পাঁচ) কর্মদিবস</p>

২। উল্লিখিত সেবা সহজিকরণ পদ্ধতিটি অফিস আদেশ জারির দিন হতে কার্যকর হবে।

  
২৫.১০.২০২০  
(মোঃ আবদুল কাদির)  
উপসচিব  
ফোনঃ ৪৭১২৪৩৩৭  
admin1@ssd.gov.bd




স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৬.১৭(অংশ-১)- ৬৯৩/১

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭  
১৫ অক্টোবর ২০২০

অনুলিপি:

১. অনুবিভাগ প্রধান.....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪. উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (বর্ণিত সেবা সহজিকরণটি বাস্তবায়নের অনুরোধসহ)
৫. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

  
২০.১০.২০২০  
(মোঃ আবদুল কাদির)  
উপসচিব